# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪৪)/২০২১-২০২২/২০৬১(১২৫০) তারিখঃ ০৭.০৪.২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এ বর্ণিত ওয়ার্কিং আন্ডার স্টিমুলাস প্যাকেজ এর ২য় পর্যায়ের বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১২.০৪.২০২০ তারিখের এর বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতি কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ, শ্রমিক-কর্মচারীদের কাজে বহাল এবং উদ্যোক্তাদের প্রতিযোগিতার সক্ষমতা অক্ষুন্ন রাখার উদ্দেশ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ সুবিধা প্রবর্তনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ক্ষতিগ্রস্থ শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠানসমূহের জন্য ওয়াকিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের জন্য আর্থিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেন। এ ধারাবাহিকতায় বিআরপিডি সার্কুলার ০৮/২০২০ এর মাধ্যমে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়াকিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ঘোষিত প্রণোদনা প্যাকেজের ২য় পর্যায়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা সর্বমোট ১২০.০০ কোটি টাকা নির্ধারন করা হয়েছিল। বিগত ৩১.০৩.২০২২ তারিখ পর্যন্ত সংকলিত তথ্যানুযায়ী উক্ত প্যাকেজের আওতায় অত্র ব্যাংকের বাস্তবায়নের হার ৩২.৬৪%, যা কোনভাবেই আশব্যঞ্জক নয়।

০৩। বিকেবি, ক্রেডিট বিভাগের ০৬.০৯.২০২১ তারিখের পত্র নং-বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২১-২০২২/৩৮৪(১২৫০) এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিশেষ মনিটরিং ইউনিট) এর ০১.০৯.২০২১ তারিখের সূত্রঃ বিআরপিডি(পি-৫)/৯০১(১০)/২০২১-৭৭১৮ মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য পুনঃনির্ধারিত ১২০.০০ কোটি টাকা বিকেবি'র বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃ বন্টন এর বিপরীতে **৩১.০৩.২০২২** তারিখ পর্যন্ত অর্জন নিম্নরুপ ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয় | পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রা | পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা | পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন | অর্জনের হার |
|---|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | ২৫.০০ | ২৫.০০ | ০.০০ | ০% |
| ০২ | ময়মনসিংহ | - | - | - | - |
| ০৩ | চট্টগ্রাম | ১৭.০০ | ১৭.০০ | ০.০০ | ০% |
| ০৪ | খুলনা | ১৫.০০ | ১৫.০০ | ০.০০ | ০% |
| ০৫ | বরিশাল | - | - | - | - |
| ০৬ | সিলেট | - | - | - | - |
| ০৭ | কুমিল্লা | - | - | - | - |
| ০৮ | ফরিদপুর | - | - | - | - |
| ০৯ | কুষ্টিয়া | - | - | - | - |
| ১০ | এলপিও | ৮০.০০ | ৬৩.০০ | ৩৯.১৭ | ৬২.১৭% |
| মোট- | | ১৩৭.০০ | ১২০.০০ | ৩৯.১৭ | ৩২.৬৪% |

* উপরোক্ত সারনী পর্যালোচনায় দেখা যায় যে, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ব্যতীত অন্যান্য বিভাগের ঋণ বিতরনের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন শূন্য যা হতাশাব্যঞ্জক।

চলমান পাতা-২

০৪। বিগত ২৮.১২.২০২১ তারিখে বাংলাদেশ ব্যাংকের গভর্নর মহোদয়ের সভাপতিত্বে তফসিলি ব্যাংকের প্রধান নির্বাহীদের সাথে ব্যাংকার্স সভায় বিআরপিডি সার্কুলার নং ০৮/২০২০ এর ৪(খ) অনুচ্ছেদে প্রদত্ত নির্দেশনা লঙ্ঘন করে প্রণোদনা প্যাকেজের আওতায় বিতরনকৃত অর্থ ব্যবহার করে একই গ্রাহকের অন্যান্য ঋণ হিসাব সমন্বয়/পরিশোধ না করার বিষয়ে যথাযথ ও জোরালোভাবে গ্রাহকদেরকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর ৪(খ) অনুচ্ছেদে ঋণ/বিনিয়োগ ব্যবহার সংক্রান্ত বিশেষ নির্দেশনা নিম্নরূপ ঃ

"এ প্যাকেজের আওতায় গৃহীত ঋণ/বিনিয়োগ দিয়ে বিদ্যমান কোন ঋণ/বিনিয়োগ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না"

০৫। এমতাবস্থায়, চলমান অর্থনৈতিক পুনঃগঠন কার্যক্রমের অভীষ্ট লক্ষ্য অর্জনের স্বার্থে আলোচ্য (বিআরপিডি সার্কুলার ০৮/২০২০) প্রণোদনা প্যাকেজের ২য় পর্যায়ে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য প্রদত্ত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন এবং ব্যাংকার্স সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ এর ৪(খ) অনুচ্ছেদে প্রদত্ত নির্দেশনা গ্রাহকদের অবহিত করণসহ বর্নিত সার্কুলারের সকল নির্দেশনা পরিপালন করার জন্য মাঠ কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

৭/৪/২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪৪)/২০২১-২০২২/২০৬১(১২৫০) তারিখঃ ০৭.০৪.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

07.04.2022

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক